গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
বিআরটিএ সংস্থাপন অধিশাখা
www.rthd.gov.bd

নং-৩৫.০০.০০০০.০২০.২২.০০১.১৫-৪৯৫ তারিখঃ ১১ সেপ্টেম্বর, ২০১৮ খ্রিঃ

বিষয়ঃ বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ) এর কর্মকর্তা/কর্মচারীদের বদলী ও পদায়ন সংক্রান্ত গাইডলাইন, ২০১৮ বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশ প্রসংগে।

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ কর্তৃক বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ) এর কর্মকর্তা/কর্মচারীদের বদলী ও পদায়ন সংক্রান্ত গাইডলাইন, ২০১৮ প্রণয়ন করা হয়েছে।

২। এমতাবস্থায়, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ) এর কর্মকর্তা/কর্মচারীদের বদলী ও পদায়ন সংক্রান্ত গাইডলাইন, ২০১৮ বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশসহ গেজেটের ২০০০ কপি এ বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে (গাইডলাইনের হার্ডকপি ও সফট কপি)।

(মোঃ লিয়াকত আলী)
সহকারী সচিব
ফোন ঃ ৯৫৪৫৪৬৯

উপপরিচালক
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা

অনুলিপিঃ

০১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
০২. সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
০৩. সিনিয়র সিস্টেম এনালিষ্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
০৪. অতিরিক্ত সচিব (এস্টেট) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

www.rthd.gov.bd || date: 2018-09-11

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
বিআরটিএ সংস্থাপন অধিশাখা
www.rthd.gov.bd

নং-৩৫.০০.০০০০.০২০.২২.০০১.১৫-৪৬৬ তারিখঃ ২০-০৮-২০১৮ খ্রিস্টাব্দ

বিষয়ঃ বিআরটিএ'র কর্মকর্তা/কর্মচারীদের বদলী ও পদায়ন সংক্রান্ত গাইডলাইন, ২০১৮ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি (বিআরটিএ) এর কর্মকর্তা/কর্মচারীদের বদলী পদায়ন সংক্রান্ত গাইডলাইন জারী করা হলো। জারিকৃত এ গাইডলাইন অবিলম্বে কার্যকর হবে।

২। এ বিষয়ে আগামী ৭ (সাত) কার্যদিবসের মধ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ গাইডলাইন-০২(দুই) পাতা।

20/08/2018
(ড. মোঃ কামরুল আহসান)
যুগ্মসচিব
ফোন ঃ ৯৫৬১২২৫

চেয়ারম্যান
বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি (বিআরটিএ)
এলেনবাড়ী, তেজগাঁও, ঢাকা।

অনুলিপিঃ

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

www.rthd.gov.bd || date: 2018-09-11

# বিআরটিএ'র কর্মকর্তা/কর্মচারীদের বদলি ও পদায়ন গাইডলাইন

বিআরটিএ'র কর্মকর্তা কমচারীদের পেশাগত দক্ষতা বৃদ্ধি, অভিজ্ঞতা অর্জন এবং কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও মানসম্মত জনসেবা নিশ্চিতকরণের লক্ষ্যে নিম্নরূপ বদলি ও পদায়ন গাইডলাইন জারি করা হলোঃ

১। পদায়ন ও বদলীর ক্ষেত্রে রাজস্ব আদায়, কর্মপরিসর, অবকাঠামোগত অবস্থা, শিক্ষা ও চিকিৎসা সংক্রান্ত সুবিধাদি বিবেচনায় বিআরটিএ'র অফিস/সার্কেলসমূহকে **'ক, খ, গ ও ঘ'** ৪ (চার)টি ক্যাটাগরিতে বিন্যস্ত করা হলো (পরিশিষ্ট-ক);

২। সাধারণত একজন কর্মকর্তা/কর্মচারী কোনো সার্কেল বা অফিসে চাকরিকাল বা মেয়াদ হবে একাধারে ০৩(তিন) বছর। তবে পার্বত্য অঞ্চলের কোনো সার্কেলে চাকরিকাল হবে ০২(দুই) বছর;

৩। বদলি/পদায়নের ক্ষেত্রে **ক → ঘ → গ → খ** **ঘ → ক → খ → গ** এরূপ চক্র অনুসরণ করতে হবে;

৪। অনুচ্ছেদ - ২ ও ৩ এ যাই থাকুক না কেন যৌক্তিক প্রয়োজনে বিআরটিএ'র সুপারিশের প্রেক্ষিতে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের পূর্বানুমতি গ্রহণ করে কোনো কর্মকর্তা/কর্মচারীকে ৩ অনুচ্ছেদে বর্ণিত ক্যাটাগরি চক্রের বাইরে পদায়ন করা যাবে।

৫।. ১০ম গ্রেড পর্যন্ত কর্মকর্তার নিজ জেলা, স্বামী/স্ত্রী'র জেলা ব্যতীত অন্য জেলায় পদায়ন করা যাবে;

৬। কর্মকর্তা/কর্মচারীগণকে ন্যূনতম ২(দুই) বছর সদর কার্যালয়ে/বিভাগীয় কার্যালয়ে চাকরি করতে হবে। এ ক্ষেত্রে ০৩ অনুচ্ছেদের কোনো কিছুরই ব্যত্যয় ঘটবে না;

৭। কোনো কর্মকর্তা/কর্মচারী স্বামী/স্ত্রী উভয়ই চাকুরিজীবি হলে একই কর্মস্থলে বা যথাসম্ভব নিকটবর্তী কর্মস্থলে পদায়নের বিষয়টি অগ্রাধিকার ভিত্তিতে বিবেচনা করতে হবে;

৮। জনপ্রশাসন মন্ত্রণালয় হতে প্রেষণে নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাদের ক্ষেত্রে ২ ও ৩ অনুচ্ছেদ প্রযোজ্য হবে না;

৯। গ্রেড-১৭ হতে ২০তম গ্রেড এ কর্মরত কর্মচারীদের ক্ষেত্রে এ গাইডলাইনের ২ ও ৩ অনুচ্ছেদের বিধান শিথিলযোগ্য;

১০। এ গাইডলাইন এর সাথে সরকারের বদলি সংক্রান্ত সাধারণ গাইডলাইন এর কোনো অনুচ্ছেদ সাংঘর্ষিক হলে সরকারের বদলি সংক্রান্ত সাধারণ গাইডলাইন প্রাধান্য পাবে;

১১। বদলি/পদায়নের ক্ষেত্রে সরকার কর্তৃক বিভিন্ন সময়ে জারিকৃত বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে;

১২। ০৩ (তিন) বছর পর পর পরিশিষ্ট-ক'তে বর্ণিত অফিস/সার্কেলের ক্যাটাগরি বাস্তব পরিস্থিতি পর্যালোচনান্তে প্রয়োজনে সংশোধন করা যাবে। ০৩ (তিন) বছরের আগে অফিস/সার্কেলের ক্যাটাগরি সংশোধন করার ক্ষেত্রে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের অনুমোদন গ্রহণ করতে হবে;

www.rthd.gov.bd || date: 2018-09-11

১৩। কাজের পরিধি বিবেচনায় ও বিশেষ প্রয়োজনে আবশ্যক বিবেচিত হলে কোনো কর্মস্থলে সংযুক্তি প্রদান করা যাবে। তবে এ ধরনের সংযুক্তির আদেশ একাধারে ২(দুই) বছরের অধিক হবে না এবং মূল পদায়নকৃত কর্মস্থলে কর্মকাল অন্যূন ২(দুই) বছর হতে হবে। তবে একই কর্মকর্তা/কর্মচারীকে কর্মজীবনে এক বারের অধিক সংযুক্তি দেয়া যাবে না;

১৪। **প্রশাসনিক কারণে** বদলি **ও পদায়নের ক্ষেত্রে ২ অনুচ্ছেদে বর্ণিত সময়সীমা শিথিলযোগ্য হবে। তবে এ ক্ষেত্রে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সম্মতি গ্রহণ করতে হবে;**

১৫। **এ গাইডলাইন শুধুমাত্র বদলীযোগ্য পদের ক্ষেত্রে প্রযোজ্য হবে;**

১৬। **সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের অনুমোদন ব্যতীত এ গাইডলাইন এর কোনো অনুচ্ছেদ পরিবর্তন/পরিবর্ধন বা সংশোধন করা যাবে না;**

১৭। এ গাইডলাইন এর কোনো অনুচ্ছেদের কোনো ব্যাখ্যার প্রয়োজন হলে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের প্রদত্ত ব্যাখ্যাই চূড়ান্ত বলে গণ্য হবে।

(মোঃ নজরুল ইসলাম)
সচিব

www.rthd.gov.bd || date: 2018-09-11

**পরিশিষ্ট-ক**

# অফিস/সার্কেল গ্রেডিং

## ক্যাটাগরি-ক

| ক্রমিক | সার্কেলের নাম | ক্রমিক | সার্কেলের নাম |
|---|---|---|---|
| ০১. | ঢাকা মেট্রো সার্কেল-১ | ১০. | যশোর-নড়াইল জেলা সার্কেল |
| ০২. | ঢাকা মেট্রো সার্কেল-২ | ১১. | বগুড়া জেলা সার্কেল |
| ০৩. | ঢাকা মেট্রো সার্কেল-৩ | ১২. | কুমিল্লা জেলা সার্কেল |
| ০৪. | চট্টগ্রাম মেট্রো সার্কেল-১ | ১৩. | গাজীপুর জেলা সার্কেল |
| ০৫. | চট্টগ্রাম মেট্রো সার্কেল-২ | ১৪. | ঢাকা বিভাগীয় অফিস |
| ০৬. | ঢাকা জেলা সার্কেল | ১৫. | চট্টগ্রাম বিভাগীয় অফিস |
| ০৭. | চট্টগ্রাম জেলা সার্কেল | | |
| ০৮. | সিলেট জেলা সার্কেল | | |
| ০৯. | মৌলভীবাজার জেলা সার্কেল | | |

| ক্যাটাগরি-খ | | ক্যাটাগরি- গ | | ক্যাটাগরি-ঘ | |
|---|---|---|---|---|---|
| ক্রমিক | সার্কেলের নাম | ক্রমিক | সার্কেলের নাম | ক্রমিক | সার্কেলের নাম |
| ০১. | নারায়ণগঞ্জ জেলা সার্কেল | ০১. | মানিকগঞ্জ জেলা সার্কেল | ০১. | নেত্রকোণা জেলা সার্কেল |
| ০২. | খুলনা জেলা সার্কেল | ০২. | রাজবাড়ী জেলা সার্কেল | ০২. | মুন্সীগঞ্জ জেলা সার্কেল |
| ০৩. | টাঙ্গাইল জেলা সার্কেল | ০৩. | গোপালগঞ্জ জেলা সার্কেল | ০৩. | শেরপুর জেলা সার্কেল |
| ০৪. | রংপুর জেলা সার্কেল | ০৪. | কিশোরগঞ্জ জেলা সার্কেল | ০৪. | খাগড়াছড়ি জেলা সার্কেল |
| ০৫. | পাবনা জেলা সার্কেল | ০৫. | নরসিংদী জেলা সার্কেল | ০৫. | বান্দরবান জেলা সার্কেল |
| ০৬. | ফরিদপুর জেলা সার্কেল | ০৬. | জামালপুর জেলা সার্কেল | ০৬. | লক্ষ্মীপুর জেলা সার্কেল |
| ০৭. | ময়মনসিংহ জেলা সার্কেল | ০৭. | মাদারীপুর +শরীয়তপুর জেলা সার্কেল। | ০৭. | চাঁদপুর জেলা সার্কেল |
| ০৮. | নোয়াখালী জেলা সার্কেল | ০৮. | কক্সবাজার জেলা সার্কেল | ০৮. | জয়পুরহাট জেলা সার্কেল |
| ০৯. | ফেনী জেলা সার্কেল | ০৯. | রাঙ্গামাটি জেলা সার্কেল | ০৯. | ঠাকুরগাঁও+পঞ্চগড় জেলা সার্কেল |
| ১০. | দিনাজপুর জেলা সার্কেল | ১০. | ব্রাহ্মণবাড়ীয়া জেলা সার্কেল | ১০. | নীলফামারী জেলা সার্কেল |
| ১১. | রাজশাহী জেলা সার্কেল | ১১. | রাজশাহী বিভাগীয় অফিস | ১১. | বাগেরহাট জেলা সার্কেল |
| ১২. | নওগাঁ জেলা সার্কেল | ১২. | চাঁপাইনবাবগঞ্জ জেলা সার্কেল | ১২. | সুনামগঞ্জ জেলা সার্কেল |
| ১৩. | কুষ্টিয়া জেলা সার্কেল | ১৩. | নাটোর জেলা সার্কেল | ১৩. | পিরোজপুর+ঝালকাঠি জেলা সার্কেল |
| ১৪. | ঝিনাইদহ জেলা সার্কেল | ১৪. | সিরাজগঞ্জ জেলা সার্কেল | ১৪. | ভোলা জেলা সার্কেল |
| ১৫. | খুলনা বিভাগীয় অফিস | ১৫. | গাইবান্ধা জেলা সার্কেল | ১৫. | পটুয়াখালী+বরগুনা জেলা সার্কেল |
| ১৬. | সিলেট বিভাগীয় অফিস | ১৬. | সাতক্ষীরা জেলা সার্কেল | ১৬. | কুড়িগ্রাম+লালমনিরহাট জেলা সার্কেল |
| | | ১৭. | চুয়াডাঙ্গা +মেহেরপুর জেলা সার্কেল | ১৭. | মাগুরা জেলা সার্কেল |
| | | ১৮. | বরিশাল জেলা সার্কেল | ১৮. | ময়মনসিংহ বিভাগীয় অফিস |
| | | ১৯. | হবিগঞ্জ জেলা সার্কেল | ১৯. | বরিশাল বিভাগীয় অফিস |
| | | ২০. | রাজশাহী বিভাগীয় অফিস | | |
| | | ২১. | রংপুর বিভাগীয় অফিস | | |

**নতুন প্রস্তাবিত ৭টি সার্কেলের গ্রেডিং**

| ক্রমিক | সার্কেলের নাম | ক্যাটাগরি |
|---|---|---|
| (১) | নড়াইল জেলা সার্কেল | ঘ |
| (২) | লালমনিরহাট জেলা | |
| (৩) | ঝালকাঠি জেলা সার্কেল | |
| (৪) | বরগুনা জেলা সার্কেল | |
| (৫) | পঞ্চগড় জেলা সার্কেল | |
| (৬) | মেহেরপুর জেলা সার্কেল | |
| (৭) | শরীয়তপুর জেলা সার্কেল। | |

www.rthd.gov.bd || date: 2018-09-11